

3 (Sem-1) BEN M 2

2016

BENGALI

( Major )

Paper : 1.2

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks  
for the questions

১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×১০=১০

(ক) “লহ লহ হাসনি / গদগদ ভাষণি / কত মন্দাকিনী নয়নে ঝরে।”

‘লহ লহ’-এর অর্থ কী ?

(খ) “কটি পীত-বসন রসনা তাহে জড়া।”

এখানে ‘রসনা’ শব্দের অর্থ কী ?

(গ) “ধরণী জন্মিল এথা কি পুণ্য করিয়া।”

এটি কোন্ পর্যায়ের পদ ?

(ঘ) “মেঘ-যামিনী অতি ঘন আন্ধিয়ার।”

পদটির রচয়িতা কে ?

(ঙ) “কি মোহিনী জান \_\_\_\_\_ কী মোহিনী জান।”

(শূন্যস্থান পূর্ণ করো)

A7/231

( Turn Over )

(চ) “\_\_\_\_\_ রাখিলেন আজি দুই চোর বলে।”  
(শূন্যস্থান পূর্ণ করো)

(ছ) “জিনিয়া কন্দর্প কোটি সর্বাঙ্গের রূপ।”  
‘কন্দর্প’ শব্দের অর্থ কী?

(জ) “বিহরয়ে নবদ্বীপে বৈকুণ্ঠের রায়।”  
‘বিহরয়ে’ শব্দের গদ্যরূপ লেখো।

(ঝ) “ভদ্রাভদ্র মূর্খ বিপ্র জানিব কেমনে।”  
উক্তিটি কে করেছেন?

(ঞ) প্রভু কহে \_\_\_\_\_ তুমি ইহা কেনে পড়।  
লতা পাতা দিয়া গিয়া রোগী কর দড়।  
(শূন্যস্থান পূর্ণ করো)

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) গদ্যরূপ নির্দেশ করো :  
সেবিনু; গোঙায়ব

(খ) “অক্ষুর তপন- / তাপে যদি জারব / কি করব বারিদ মেহে।”  
পদটির রচয়িতা কে? এটি কোন পর্যায়ের পদ?

(গ) “সহচরী মেলি / চললি বররঙ্গিনী / কালিন্দী করই সিনান।”  
পদটির রচয়িতা কে? ইনি কোন পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা?

(ঘ) অহনিশি কৃষ্ণপ্রেমে মদ্যপের প্রায়।  
হাসে কান্দে হৈ হৈ করয়ে হায় হায়।

এখানে কার কথা বলা হয়েছে? তিনি কার সঙ্গে সর্বদা বিহার করতেন?

(ঙ) মহারাজলক্ষণ সকল লগ্নে কহে।  
রূপ দেখি চক্রবর্তী হইল বিস্ময়ে।  
এই ‘চক্রবর্তী’-র নাম কী? তিনি কার পিতা ছিলেন?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) সপ্তসঙ্গ ব্যাখ্যা করো :

নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে  
পুলক-মুকুল-অবলম্ব।  
শ্বেদ-মকরন্দ বিন্দু বিন্দু চুয়ত  
বিকশিত ভাব-কদম্ব ॥

(খ) আধক আধ- আধ দিষ্টি-অঞ্চলে  
যব ধরি পেখলুঁ কান।  
কত শত কোটি কুসুম-শরে জর জর  
রহত কি জাত পরাগ।  
উদ্ধৃতাংশের বক্তব্য-বিষয় বিশদ করো।

(গ) টীকা লেখো :  
অভিসার অথবা অভিসার পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা

( ( 4 ) )

(ঘ) চৈতন্যের জন্মগ্রহণের পর মহাজ্যোতির্বিদ বিপ্র যে ভবিষ্যদ্বাণী করেছিলেন তা সংক্ষেপে লেখো।

(ঙ) হাসিয়া কহেন প্রভু আমি সে গোয়াল।

ব্রাহ্মণের অন্ন আমি খাই চিরকাল ॥

প্রসঙ্গের উল্লেখ করে, তাৎপর্য বিশদ করো।

(চ) টীকা লেখো :

মৌড়েশ্বর গোসাঞি অথবা মুরারি গুপ্ত

ক—গুচ্ছ এবং খ—গুচ্ছের প্রতিটি গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর লেখো :  $10 \times 8 = 80$

ক—গুচ্ছ

৪। (ক) পূর্বরাগের সংজ্ঞা নির্দেশ করে তোমার পঠিত পূর্বরাগের পদগুলি অবলম্বনে এই পর্যায়ের কাব্যিক উৎকর্ষ নির্দেশ করো।

(খ) গৌরচন্দ্রিকা এবং গৌরান্দ-বিষয়ক পদের মধ্যে পার্থক্য নির্দেশ করে তোমার পঠিত যে কোনো দুটি পদ অবলম্বনে এই পার্থক্যের স্বরূপ উদ্ঘাটন করো।

(গ) প্রেমবৈচিত্র্য বলতে কী বোঝ? এই পর্যায়ের পদগুলো অবলম্বনে নাট্যিকার মানসিকতা বিশ্লেষণ করো।

(ঘ) “বৈষ্ণব কবিগণ প্রেমমনস্তত্ত্বের সুনিপুণ রূপকার।” উপযুক্ত উদ্ধৃতির সহযোগে মন্তব্যটির যাথার্থ্য প্রতিপাদন করো।

(A7/231)

( Continued )

( 5 )

খ—গুচ্ছ

৫। (ক) চৈতন্যের বাল্যলীলা বর্ণনায় বৃন্দাবন দাসের কৃতিত্ব তথা এই বর্ণনার কাব্যগুণ সম্পর্কে আলোকপাত করো।

(খ) বৃন্দাবন দাসকে ‘চৈতন্যলীলার ব্যাস’ বলার কারণ যুক্তিসহ বিচার করো।

(গ) জীবনীকাব্য হিসাবে বৃন্দাবন দাসের ‘চৈতন্য ভাগবত’-এর সার্থকতা আলোচনা করো।

(ঘ) চৈতন্য-পূর্ববর্তী যুগের বাঙালির ধর্মীয় ও সামাজিক জীবনের যে রূপচিত্র ‘চৈতন্য ভাগবত’-এ অঙ্কিত হয়েছে সে সম্পর্কে আলোচনা করো।

★ ★ ★

A7—700/231

.3 (Sem-1) BEN M 2